
প্রথম আলো • বুধবার, ২৫ সেপ্টেম্বর ২০১৯, ১০ আশ্বিন ১৪২৬





## ইউআইইউতে নবীনবরণ অনুষ্ঠিত

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ইউআইইউ) ফল সেমিস্টারের আন্ডারগ্র্যাজুয়েট ও পোস্টগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের নবীনবরণ গত শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনমিকস ও স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীরা এতে অংশ নেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য চৌধুরী মোফিজুর রহমান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি উদ্ভাবন ও গবেষণায় মনোযোগ দেওয়ার পরামর্শ দেন তিনি। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ এস এম সালাহউদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিন, বিভাগীয় প্রধান, পরিচালকসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা। বিজ্ঞপ্তি